শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০৬.১০.০০৮.২০২১- ৬৬ তারিখঃ ০৩ নভেম্বর '২০২১খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর'-২০২১ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১১ নভেম্বর'২০২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প গ্রহন সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

তানিয়া আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২
ই-মেইল:unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৫। উপজেলা ---------------------------------------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৬। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
৭। লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য , উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

বাঘারপাড়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২২
মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি:- জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান:- উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখ ও সময়:- ০৯/১১/২০২২

সভায় উপস্থিত জনপ্রতিনিধি সদস্যবৃন্দের স্বাক্ষর:-

১। জনাব মো: রবিউল ইসলাম চেয়ারম্যান, উপ: পরিষদ →
২। জনাব বিথীকা বিশ্বাস মহিলা " " →
৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া, যশোর →
৪। চেয়ারম্যান জহুরপুর ইউপি, বাঘারপাড়া →
৫। " বন্দবিলা " " →
৬। " রায়পুর " " →
৭। " নারিকেলবাড়ীয়া " →
৮ " ধলগ্রাম " →
৯। " দোহাকুলা " →
১০। " দরাজহাট " →
১১। " বাসুয়াড়ী " →
১২। " জামদিয়া " →
১৩। [illegible], ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপ: পরিষদ →

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর (উপস্থিতির ক্রমানুসারে)

১৫। ডাঃ মোঃ আরিফুল ইসলাম UH&FPO

১৬। মোঃ রুহুল আমিন UAO

১৭। পলাশ পাল UFO

১৮। এস. এম. চৌধুরী UFPO

১৯। আমেনুন নাহার PIO

২০। জান্নাতুল ফেরদৌস লাবনী উমাবিকা

২১। মোহাঃ মোস্তাফিজুর রহমান UEO

২২। মোঃ হাসান ইমাম RDO

২৩। সুশংকর বিশ্বাস, শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক

২৪। মোঃ মাহবুবুর রহমান UEO

২৫। মোঃ আকরাম হোসেন খান- USEO -

২৬। ডাঃ মোঃ শিমুল হোসেন LEO, পাঃ দাঃ. ULO -

২৭। মো. টি.এম মাসুদ হোসেন USSO -

২৮। মোঃ মীর মাহিদুল, উপজেলা প্রকৌশলী -

২৯। মোঃ মোস্তাকিম রহমান, UDF, UHDP

৩০। মোঃ আবু হানিফ SAE, DPHE

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১১ নভেম্বর/২০২১ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আমিন উদ্দিন বিশ্বাস, চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মো: আবু তাহের আবুল সরদার, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: আয়ুব হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব সুভাষ নাথ, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মো: আবু সাঈদ, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব কামরুল ইসলাম (টুটুল), চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৪) লিপি খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব এস,এম,জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব সামসুন নাহার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব জান্নাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) ডাঃ মোঃ শিমুল হোসেন,এলইও, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
১২) জনাব এ,টি,এম মাসুদ হোসেন,উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া,যশোর ।
১৩) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর ।
১৪) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর ।
১৫) জনাব মোঃ ফেরদৌস রহমান,ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া,যশোর ।
১৬) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধণী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভা অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- উন্নয়নমূলক সংক্রান্ত কোন আলোচনা নাই		
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের নতুন ভবনে ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য চেয়ার-টেবিল, এবং উপজেলা চেয়ারম্যানের রুমের জন্য আসবাপত্র ক্রয়:** উপজেলা পরিষদের নব নির্মিত কমপ্লেক্স ভবনে উঠার ক্ষেত্রে উপজেলা পরিষদের দুইজন ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য চেয়ার-টেবিল এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদের রুমের জন্য কিছু সৌন্দর্য বর্ধনকারী আসবাপত্র ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপস্থাপনকৃত ফার্নিচার ও মালামালসমূহ ক্রয়কার্য বাস্তবায়নের জন্য নিম্নরুপ একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। **বর্ণিত ফার্নিচার ও মালামাল ক্রয় কার্য বাস্তবায়ন কমিটিঃ** ১। জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া- সভাপতি ২। আলেয়া বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া- সদস্য ৩। চেয়ারম্যান, জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর- সদস্য ৪। ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। এস,এম খালেকুজ্জামান, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর - সদস্য-সচিব	----	----
০৬.	**অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** কোন সুপারিশ নাই	---	----
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরো জানান ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। দুই কিস্তিতে বরাদ্দ ২১.৭৪ লক্ষ করে। সভায় উন্নয়ন তহবিল নির্দেশিকা মেরে খাতওয়ারী প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	১।উপজেলা প্রকৌশলী

খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । তিনি আরো জানান যে, মোট করোনা রোগী ২০২১ সাল অদ্যাবধি ৪০৫ জন । বর্তমান চিকিৎসাধীন ০১, মৃত্য মোট ১৫ জন, ছাড়পত্র প্রদান করা হয়েছে ৩৮৯ জনকে। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কায্যক্রম চলমান। মোট রেজিষ্ট্রেশন ১০১৪৭৯ জন, প্রথম ডোজ পেয়েছে ৭১৮০৭ জন এবং ২য় ডোজ ৩৮৮১৪ জন সম্পন্ন হয়েছে। টিকা দেওয়া হয়নি ২৯৮৩২ জনকে। ৬ নভেম্বর কমিউনিটি ক্লিনিকে টীকাদান ক্যাম্পেইম অনুষ্ঠিত হয়, ১ম ডোজ দেওয়া হয়েছে ১১৬০৫ এবং হাসপাতালে ২২৬৫ জন। আইসোলেশন ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩৭ (সাইত্রিশ) টি অক্সিজেন সিলিন্ডার ,অক্সিজেন ফ্লোমিটার ২০ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২৩৭৬৯ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ৭২৩ জন রুগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১০৩৮ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৭৩৫৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছি। এছাড়া জরুরী বিভাগ থেকে ৩৪১০ জন রুগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৩৯৫০ জন রুগীকে অন্তঃবিভাগে ভর্তি পূবক চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৪০ জন, ১১ (এগার) জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২১২ জন রুগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। ২৩-২৯ অক্টোবর ক্ষুদে ডাক্তার কার্যক্রম এবং ৩০ অক্টোবর হতে ৫ নভেম্বর কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ শেষ হয়েছে,অর্জন ৯৮% , মাঠ পর্যায়ে মাঠ কর্মী গন ইপআই ও স্বাস্থ্য সেবা অব্যহত রয়েছে। অক্টোবর /২০২১ বিসিজি=১১০% পেন্টা-৩=৯২% পিসিভি-৩=৯২% এএফপি কেইচ=১% এমআর-১=১১৩% এমআর-২=৯০% টিটি-৫=৯৭% ভিটমিন এ-৯৮% লক্ষ মাত্র অর্জিত হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে ১৬৯০০ হে: রোপা আমন আবাদ লক্ষ্য মাত্রার বিপরীতে ১৬৮০০ হে: জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। রোপা আমন ধানের কর্তন ইতো মধ্যে শুরু হয়েছে এবং ফলন সন্তোষজনক । কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। রবি মৌসুমে ৪৫০০ হে: জমিতে সবজি মরিচ-২৫ হে:,সরিষা-৫৫০হে: জমিতে চাষ করা হয়েছে। এবং বিভিন্ন ফসলের চাষাবাদের প্রস্তুতি চলছে। ফসলের সার্বিক অবস্থা ভাল। সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। সকল সারের দোকানে লাল শালু টাঙ্গানো,স্টক রেজিষ্টার ও বিতরণ রেজিষ্টার হালনাগাদ এবং ক্যাশমেমো প্রদান পূর্বক সার বিক্রয়ের জন্য নির্দেশনা প্রদান, করা হয়েছে। রবি মৌসুমে/২০২১-২২ অর্থ বছরে ও পরবর্তী খরিফ-১ মৌসুমে প্রণোদনার আওতায় মোট=২০২০ জন(গম-২০০ জন, ভুট্টা-২০০জন, সরিষা-৬৩০জন, সূর্য মুখী-১০জন, পেঁয়াজ-৫০ জন,মুগ-৩০জন, মসুর-৯০০জন, মুগ-৩০জন) প্রকৃত ক্ষুদ্র-প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।এছাড়া সকল প্রকল্পের রুটিন কার্যক্রম (প্রদর্শনী প্লট স্থাপন প্রশিক্ষণ, মাঠ দিবস ও অন্যান্য কার্যক্রম) প্রকল্পের গাইড লাইন অনুসরণ করে বাস্তবায়ন হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলতি নভেম্বর/২১ মাসে উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রমসমুহের মধ্যে উপজেলা প্রসাশনের সার্বিক সহোযগিতায় মা ইলিশ সংরক্ষরণ-২০২১ সুষ্ঠভাবে পরিচালিত হয়েছে। যারফলে মা ইলিশ সংরক্ষণ চলাকালিন সময়ে বাঘারপাড়া উপজেলায় কোন ইলিশ মাছ বিক্রয়, মজুদ ও পরিবহন করা হয়নি। জাটকা সংরক্ষণ অভিযান-২০২১ গত ০১/১১/২০২১ খ্রি. তারিখ হতে উপজেলা প্রসাশনের সহোযগিতায় সফল ভাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে।মৎস্য সংরক্ষণ আইন বিধিমালা ১৯৫০ এর আলোকে বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্যে কোন প্রকার অর্থ বরাদ্দ না থাকায় উক্ত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা মৎস্য কর্মকর্তা।

ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বাঘারপাড়া,যশোরের নভেম্বর/২০২১ ইং মাসে এ পর্যন্ত ৪০৪০ টি গবাদিপ্রাণী, ৫০২০০ টি হাঁস- মুরগীকে টিকা প্রদান,২১২০ টি গবাদিপ্রাণী এবং ৮৫২২ টি হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান, ১১৮৩ টি গরুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। ঘাস চাষ বৃদ্ধির জন্য ১২ জন খামারীর মাঝে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। এছাড়া গবাদি প্রাণী ও হাঁস-মুরগীর খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান, উঠান বৈঠক ও খামারী সমাবেশের মাধ্যমে কৃষকদের দক্ষতা বৃদ্ধির কাজ পরিচালিত হচ্ছে। অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতার চলতি ২০২১-২২ অর্থবছরের ১ম কিস্তির পেরোল প্রেরন করা হয়েছে, অবিলম্বে ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ শুরু হবে । বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহিতা মহিলা ভাতার অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে এবং সকল ইউনিয়ন কমিটির মাধ্যমে তালিকা পাওয়া গেছে, যাচাই এবং বহি প্রস্তুতের কাজ চলমান আছে । অতিরিক্ত প্রতিবন্ধী ভাতার তালিকানুযায়ী এমআইএস কার্যক্রম চলমান আছে । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো ।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৬০৩জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫৬৫২(চক্র) কনডম ৮২১৬(পিস) ইনজেকটেবল ৯৫৯জন আইইউডি ০৬জন, ইমপ্লান্ট ৩৮জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতিতে দীর্ঘদিন বিদ্যালয় বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১ খ্রি: তারিখে সারা দেশের ন্যায় অত্র উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় যথারিতি চালু হয়েছে। এবং অধিদপ্তর কর্তৃক প্রেরিত ACCELERATED REMEDIAL LEARNING PLAN অনুযায়ী শ্রেণি কার্যক্রম পরিচালিত হচ্ছে । ২। ২০২১ শিক্ষাবর্ষে প্রাথমিক শিক্ষা সমাপনী পরিক্ষা হচ্ছেনা তবে স্ব স্ব বিদ্যালয়ে শিক্ষার্থীদের মুল্যায়ন করা হবে । ইতিমধ্যে শিক্ষদের মুল্যায়ন টুলস প্রদান করা হয়েছে । বিদ্যালয় ভিত্তিক মুল্যায়নের ভিত্তিতে শিক্ষার্থীদের পরবর্তী শ্রেণিতে উত্তীন করানো হবে। ৩। বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে উপস্থিত হচ্ছে। প্রত্যেক শিক্ষার্থীকে বিদ্যালয়ের পক্ষ থেকে মাস্ক প্রদান করা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীদের সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। ৪। শিক্ষার্থীদের প্রাত্যহিক হাজিরা সংগ্রহ করা হচ্ছে। শিক্ষার্থীদের উপস্থিতির হার- ৮৫% (শতাংশ) এর উপরে। উপস্থিতির হার সন্তোষজনক। প্রাত্যহিক হাজিরা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হচ্ছে। ৫। অত্র উপজেলায় ২০২১-২২ অর্থ বছরের সিল্পএর উন্নয়ন মূলক কাজের জন্য বরাদ্ধ পাওয়া গেছে।বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনার মাধ্যমে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কাজ বাসত্মবায়ন করবেন । ৬। অত্র উপজেলার সহকারী শিক্ষকদের ১৩তম গ্রেডে উন্নীতকরনের কার্যক্রমসহ বেতন নির্ধারনের কার্যক্রম শেষ হয়েছে। ৭। ২৩/১০/২০২১ থেকে ২৯/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্ষুদে ডাক্তার এর মাধ্যমে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরিক্ষার কার্যক্রম এবং ৩০/১০/২০২১ থেকে ০৫/১১/২০২১ খ্রিঃ তারিখ পর্যমত্ম কৃমিনাশক টেবলেট খাওয়ান সুষ্ঠ ভাবে সম্পন্নহয়েছে। ৯। স্বাধীনতার সুর্বন জয়মত্মী উপলক্ষ্যে বিদ্যালয় পর্যায় ও ক্লাস্টার পর্যায়ে শিশুদের প্রতিযোগিতা শেষ হয়েছে। অগামী ১৫/১১/২০২১খ্রিঃ তারিখ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস কার্যক্রম নিয়মিত আছে। ২০২১ সালের এস,এস,সি/দাখিল পরীক্ষা আগামী ১৪/১১/২০২১খ্রিঃ হতে শুরু হচ্ছে। বাঘারপাড়া সরকারী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ছাত্র/ছাত্রী -৯৮০ জন এবং নারিকেল বাড়ীয়া বহুমূখী মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ছাত্র/ছাত্রী -৫১৭ জন। দাখিলকেন্দ্র ২ টি ,বাঘারপাড়া ফাজিল মাদ্রাসা কেন্দ্রে ছাত্র/ছাত্রী - ৫১১জন। খাজুরা ফাজিল মাদ্রাসা কেন্দ্রে ছাত্র/ছাত্রী - ২১৪জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার পক্ষে এআরডিও সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২২৮টি সমিতির ৬৫৮৯জন সমবায়ীর মাঝে ২০২০-২১ অর্থ বছরে ঋন বিতরণের লক্ষ্য মাত্রা ৪৯৮.০১ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ২০৭ জন সদস্যের মধ্যে ১০১.৮৫ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয়েছে। বর্ণিত ঋন কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। অত্র অর্থবছরে সাধারণ কর্মসূচীর দুইটি প্রতিটি ৬০জন সদস্য এবং অপ্রধান শষ্য দুইটি ৮০জন সদস্য প্রশিক্ষনের বরাদ্দ পাওয়া গেছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০০৩৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছেযার মধ্য থেকে ৯৭৯ জন যুব ও ৫৯৭ জন যুব মহিলা সহ মোট ১৫৭৬ জনকে যুব ঋণ হিসাবে ৪.৩৩.৩১.৩০০/-(চার কোটি তেত্রিশ লক্ষ একত্রিশ হাজার তিন শত) টাকা প্রদান করা হয়েছে; যার আদায় হার ৯৬%। তিনি সভায় জানান যে, ন্যাশনাল সার্ভিস কর্মসুচির আওতায় সুবিধা ভোগীদের জুলাই/২১--সেপ্টেম্বর/২১ মাসের মাসিক ভাতা প্রদান করা হয়েছে। এ ছাড়া তিনি সভায় আরও জানান গত ০১ নভেম্বর অত্র উপজেলায় জাকজমক পূর্ন ভাবে জাতীয় যুব দিবস উদযাপিত হয়েছে। এ বারের যুব দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল ''দক্ষ যুব সমৃদ্ধ দেশ বংগবন্ধুর বাংলাদেশ''	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। গত মাস পর্যন্ত নিবন্ধন ৪৭১টি, আদায়যোগ্য অডিট ফি সাধারন-৮২৭১০/-, পউবো- ২৪৮০০/-, আদয়কৃত অডিট ফি সাধারন- ৮২৭১০/-, পউবো-২৪৮০০/- আদায়ের হার- ১০০%, সিডিএফ ধার্য ও আদায় সাধারন-৫৭১৫২/-, পউবো- ৭৪৩৮/-, আদায়কৃত অডিট ফি সাধারন-৫৭১৫২/-, পউবো-৭৪৩৮/- আদায়ের হার- ১০০%। প্রাথমিক সাধারন সমবায় সমিতি-৬০টি, অডিট সম্পাদন-১৯টি, অডিট নোট দাখিল-১৯টি, অডিট নোট বাকি-০০টি। পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ১২ টি বর্তমান মাসে সম্পাদন ০৬ মোট সম্পাদন-১৮টি। অবসায়নে ন্যস্ত সমিতির সংখ্যা ০২টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন সমিতির সংখ্যা-০০টি, অবসায়ন কার্যক্রম সম্পাদন বাকী সমিতির সংখ্যা-০২টি।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা

ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিজিডি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন । নভেম্বর/২০২১ মাসের ডিও প্রদান করা হয়েছে । খাদ্য বিতরণ চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলায় মাতৃত্বকাল ভাতাভোগী বর্তমানে ১২৬৯ জন চলমান আছে । কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা ২০২১-২০২২ অর্থ বছরে বাঘারপাড়া পৌরসভায় ১৫১ টি বরাদ্দ পাওয়া গিয়েছে । ভাতাভোগী যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। বেগম রোকেয়া দিবস-২০২১ উদযাপন উপলক্ষে ০৫(পাঁচ) ক্যাটাগরীতে জয়িতা নির্বাচনের কার্যক্রম চলমান আছে । আয়বর্ধক আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডের ১২ তম ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে । কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান আছে । ২০২১-২২ অর্থ বছরে সাধারণ উন্নয়ন খাতে টি, আর ও কাবিটা এর বরাদ্দ পাওয়া গেছে । অত্র উপজেলার আসন্ন নির্বাচনের তফসিল ঘোষনা হওয়ায় সকল উন্নয়নমূলক কাজ বন্ধ রয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান যে, ২০২০-২০২১ অথ বছরের নলকূপের সহায়ক চাঁদা বাবদ বিডিটি / ব্যাংক ড্রাফ্ট / পে-অর্ডার জমা নেওয়ার কাযক্রম চলমান রয়েছে।পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বাঘারপাড়া উপজেলায় মোট ১১ টি বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মানের কার্যাক্রম চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যাক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর অনুপস্থিত থাকায় ও দাপ্তরিক কার্যপত্র না দেওয়ায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় ।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া,যশোর
০৮.বিবিধ :	(ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলকে নিয়মনীতি মেনে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান । (খ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভাসমূহ করার জন্য অনুরোধ জানান ।	স্থায়ী কমিটির মিটিং সমূহ নিয়মিত করার জন্য বলা হয় ।	(ক) সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২০-৩৯(৫০) **তারিখঃ ২৪/ ১১/ ২০২১ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.লীপি খাতুন/ আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য , উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

২৪/১১/২১

তানিয়া আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।